

যুগান্তর

১৮ জানুয়ারি ২০২৪, ১২:০০ এএম | প্রিন্ট সংস্করণ

উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী

উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসাবে যোগদান করেছেন অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। মঙ্গলবার তার যোগদান উপলক্ষ্যে উত্তরা ইউনিভার্সিটির সভাকক্ষে এক অভ্যর্থনা অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইউনিভার্সিটির উপাচার্য ড. ইয়াসমীন আরা লেখা ফুলের তোড়া দিয়ে বরণ করে নেন নবনিযুক্ত উপ-উপাচার্যকে। রাষ্ট্রপতি ও উত্তরা ইউনিভার্সিটির আচার্য ১১ জানুয়ারি অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামীকে উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসাবে নিয়োগ দেন। সংবাদ বিজ্ঞপ্তি।